দৈনিক ইনকিলাব

তারিখ APR. 5 1999
পৃঃ ১ কলাম ১

139

প্রাথমিক শিক্ষক সমিতি

# অবিলম্বে শিক্ষকদের ২১ দফা দাবী বাস্তবায়ন না হলে আন্দোলনের বৃহত্তর কর্মসূচী

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ অবিলম্বে শিক্ষকদের ২১ দফা দাবী বাস্তবায়নের আহবান জানিয়েছেন। অন্যথায় আন্দোলনের বৃহত্তর কর্মসূচী ঘোষণা করা হবে। নেতৃবৃন্দ বলেন, শুধু বিদেশী সাহায্যের উপর নির্ভর করে দেশ বাঁচানো যাবে না। প্রত্যেক মানুষের হাতকে কর্মক্ষম করে তুলতে হবে। এর জন্য সর্বস্তরে শিক্ষার আলো ছড়িয়ে দিতে হবে।

গতকাল (রবিবার) সকালে জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত প্রতিনিধি পরিষদের বিশেষ অধিবেশনে নেতৃবৃন্দ বক্তব্য রাখছিলেন। সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদের সভাপতিত্বে অধিবেশনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কাজী আ, কা ফজলুল হক, মকবুল হোসেন, হারুনর রশীদ, বিএম আসাদ উল্লাহ, মোঃ সিদ্দিকুর রহমান, রওশন আরা ও মোঃ শাহজাহান।

অধিবেশনে এক প্রস্তাবে শিক্ষক নেতৃবৃন্দের উপর থেকে কারণ দর্শানোর আদেশ প্রত্যাহারসহ ২১দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১৫, ১৬ ও ১৭ মে দেশের সকল প্রাথমিক শিক্ষকগণ কালো ব্যাজ ধারণ এবং ১৭ মে সকাল সাড়ে ১১টা থেকে ১ ঘন্টা কর্ম বিরতির কর্মসূচী ঘোষণা করা হয়।

নেতৃবৃন্দ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় যাবার আগে ওয়াদা করেছিলেন— ক্ষমতায় গেলে শিক্ষকদের দাবী-দাওয়া পূরণ করবেন। কিন্তু প্রধানমন্ত্রী সেই ওয়াদা আজও পূরণ করেননি।

পরে প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বিক্ষোভ মিছিলসহ বাংলাদেশ সচিবালয়ের সামনে অবস্থান করে শিক্ষামন্ত্রণালয়ে একটি স্মারকলিপি পেশ করেন।